



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৫১/২২৫০/৫

তারিখঃ ০২.০৪.২০১৯খ্রিঃ

বিষয়ঃ-সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ মো: রুহুল আমীনকে স্বপদে বহাল করা প্রসঙ্গে।

১) সূত্র : নং-বামাশিবো/প্রশা/সাত-৫১/২২৪৭/৫; তারিখ: ১০/০২/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: রুহুল আমীন এর বিষয়ে সূত্র নং (১) স্মারকে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করণ মর্মে পত্র প্রেরণ করলে মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ জবাব প্রেরণ করেন। তাতে দেখা যায় ক্রোধের বশবর্তী হয়ে মো: রুহুল আমীনকে বরখাস্ত করা হয় এবং বরখাস্তকৃত অধ্যক্ষকে স্বপদে ফিরিয়ে না দিয়ে দীর্ঘ মেয়াদে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে বহাল থাকার জন্য বিভিন্ন কৌশল অবলম্বন করছেন মর্মে সভাপতি জবাবে উল্লেখ করেছেন। একইসাথে ভারপ্রাপ্ত অধ্যক্ষের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়। মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের জবাবের প্রেক্ষিতে আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি যে মতামত দেন, তাতে দেখা যায় দীর্ঘ ০৪ (চার) বছরের বেশি সময় সাময়িক বরখাস্ত ও তৎপরবর্তীতে বুলিয়ে রাখা আইন, ন্যায়বিচার ও সুপ্রীম কোর্টের আদেশের পরীপন্থী। একইসাথে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন ৫০৩/২০১৭ অধ্যক্ষ পদ বিষয়ক না হওয়ায় বরখাস্তকৃত অধ্যক্ষকে স্বপদে বহালের জন্য মতামত দিয়েছেন।

বর্ণিত অবস্থায় সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা আয়েন উদ্দিন মহিলা আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: রুহুল আমীনকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে স্বপদে বহাল করে অত্র বোর্ড কে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হল।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মো:

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

১) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), মো: মনিরুজ্জামান

সাতক্ষীরা আয়েনউদ্দীন মহিলা আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা

২) অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), মো: রুহুল আমীন

সাতক্ষীরা আয়েনউদ্দীন মহিলা আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৫১/২২৫০/৫

তারিখঃ ০২.০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা নির্বাহী অফিসার সদর, সাতক্ষীরা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪